UUU-48

দৈনিক সংবাদ

তারিখ 23 APR 1996
পৃষ্ঠা 7 কলাম ১




ছাত্রলীগের অভিযোগ

# ছাত্রদল নেতারা 'ফাও' খায় বলেই ডাইনিং-এ এই অবস্থা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোর ডাইনিং এবং কেন্টিনের খাবারের মান উন্নত করার দাবিতে ছাত্রলীগ (শা–পা) ও জাতীয়তা–বাদী ছাত্রদল গতকাল সোমবার ক্যাম্পাসে পৃথক পৃথকভাবে মিছিল ও সমাবেশ করেছে।

ছাত্রলীগ (শা–পা) সমাবেশ করেছে অপরাজেয় বাংলার পাদদেশে। সমাবেশে বক্তৃতা করেন ছাত্রলীগ (শা–পা) সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না, সহ–সভাপতি

অভিযোগ ঃ পৃঃ ৮ কঃ ৪

## অভিযোগ ঃ ছাত্রলীগের

( ১ম পৃষ্ঠার পর )

মাহবুবুল হক শাকিল, যুগ্ম সম্পাদক শাহজাহান আলম সাজু, সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতা বাহাদুর বেপারী, আবদুল ওয়াদুদ খোকনপ্রমুখ।

সমাবেশে ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন, ছাত্রদলের ক্যাডাররা 'ফাও' খাওয়ার জন্য মুহসীন হলের ডাইনিং–এ নিম্নমানের খাবার পরিবেশিত হয়।

গতকালের সমাবেশে সদ্য মুক্তিপ্রাপ্ত ছাত্রলীগ নেতা আখতার হোসেনকে সংবর্ধনা দেয়া হয়।

ডাকসু ভবনের সামনে আয়োজিত জাতীয়তাবাদী ছাত্রদলের সমাবেশে বক্তৃতা করেন সংগঠনের যুগ্ম সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোশাররফ হোসেন, সাধারণ সম্পাদক মনির হোসেন, সাংগঠনিক সম্পাদক জাকির আহমেদ বাবলু প্রমুখ।

সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, ভর্তুকি দিয়ে ডাইনিং কেন্টিনের খাবারের মান উন্নত করতে হবে। এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য তারা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।